# উল্লাপাড়া উপজেলা পরিষদের নভেম্বর -২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ : ৩০-১১-২০২১ খ্রি। সময় : সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | অক্টোবর/২০২১ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | অক্টোবর/২০২১ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি :**<br>সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন, ২০২১ এর কারনে উন্নয়নমূলক কার্যক্রম স্থগিত ছিল। এখন পুনরায় উন্নয়ন মূলক কাজ শুরু করা হবে। | | |
| | স্থানীয় সরকার বিভাগের ১৬-০৮-২০২১ তারিখের ৪৫৪ নম্বর স্মারক পত্রটি সভায় পাঠ করে শুনান। উক্ত স্মারকপত্রে করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য উল্লাপাড়া উপজেলার অনুকূলে ৪,৭৯,০০০/- (চার লক্ষ উনআশি হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত বরাদ্দ দ্বারা করোনা প্রতিরোধক উপকরণ ক্রয় ও বিনামূল্যে বিতরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দ দ্বারা করোনা ভাইরাসের বিস্তাররোধকল্পে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণের লক্ষ্যে আরএফকিউ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | রাজস্ব উন্নয়ন খাতের আওতায় উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের বাসভবন মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রাক্কলিত মূল্য ২০০০০০/- টাকা। এছাড়া উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা আনসার ও ভিডিপি অফিস এবং অফিসার্স ক্লাব সংস্কার প্রকল্প প্রাক্কলিত মূল্য ২০০০০০/- বাস্তবায়নের বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় " উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়ের বাসভবন মেরামত " প্রকল্প প্রাক্কলিত মূল্য ২০০০০০/- টাকা এবং " উপজেলা আনসার ও ভিডিপি অফিস এবং অফিসার্স ক্লাব সংস্কার " প্রাক্কলিত মূল্য ২০০০০০/- টাকা পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের তড়কা রোগের টিকা প্রদান প্রকল্পটি প্রাক্কলিত মূল্য ৬০০০০০/- টাকা। উক্ত প্রকল্পটি রাজস্ব উন্নয়ন খাতে অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পটি আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব উন্নয়ন খাতের আওতায় তড়কা রোগের টিকা প্রদান প্রকল্পটি প্রাক্কলিত মূল্য ৬০০০০০/- টাকা আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ জানান ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দ পাওয়া পাওয়া যায় নাই। ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ বিভাজন পূর্বক নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। | ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ বিভাজন অনুযায়ী প্রমাপ যথাযথভাবে অনুসরণপূর্বক নলকূপ স্থাপন ও গোড়া পাকাকরণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাতৃত্বকালীন ভাতা, সেলাই প্রশিক্ষক, ভিজিডি সহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সামাজিক নিরাপত্তা বজায় রাখা এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করে প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৬ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>উল্লাপাড়া উপজেলার ১৪ টি ইউনিয়নের ১৪ টি এবং পৌরসভায় ০১ টি মোট ১৫ টি কিশোর-কিশোরী ক্লাব গত ১১-০৮-২০২১ তারিখ থেকে খোলা রয়েছে। | কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের সামাজিক নিরাপত্তা বজায় রাখা এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>পরিবার পরিকল্পনা বিভাগের অধীনে সকল সেবাকেন্দ্র হতে নিয়মিত সেবা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য মাঠকর্মীদেরকে উদ্বুদ্ধ করা হচ্ছে।<br>স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য বিভাগের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কর্মরতদের করোনা প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>করোনা ভাইরাসের পাশাপাশি এডিস মশা ও মশার উৎপত্তি স্থল নিধনে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা সমাজ সেবা অফিসের কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। ভাতা সংক্রান্ত কোন ধরনের জটিলতা সৃষ্টি হলে তাৎক্ষনিক উপজেলা সমাজ সেবা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। ভাতা প্রদানের নতুন কোন বরাদ্দ পাওয়া যায় নাই। তবে প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | প্রতিবন্ধী ভাতার তালিকা প্রস্তুত পূর্বক জরুরী ভিত্তিতে উপজেলা সমাজ সেবা অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **আইনা-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করোনা প্রতিরোধে আনসার সদস্যদের দায়িত্বশীলতার সাথে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১১ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br>উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য নভেম্বর/২০২১ মাসে সম্ভাব্য মোট ২,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক ও ইন্টারনেট বিল ভাতা খাতে ৪০০০০/- টাকা। উপজেলা পরিষদের পানির লাইন মেরামত বাবদ ২০,০০০/- এবং কম্পিউটার মেরামত বাবদ ২৫,০০০/- টাকার ভাইচার পাওয়া গেছে। আসন্ন ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২০২১ উদ্‌যাপন উপলক্ষে অগ্রিম ব্যয় বাবদ ৫০,০০০/- টাকার বিল ভাউচার পাওয়া গেছে উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য নভেম্বর/২০২১ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০০০০ + ২৫০০০ + ২০০০০ + ৫০০০০ = ১৩৫০০০/- টাকা। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১২ | **উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উল্লাপাড়া জানান, ০১ নভেম্বর/২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত সারাদেশে জাটকা রক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সময়ে দেশব্যাপী জাটকা ধরা, পরিবহন করা, মজুদ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ। এ বিষয়ে উপস্থিত সকলের সার্বিক সহযাগিতা কামনা করা হয়। | জাটকা রক্ষা কার্যক্রম সফল করার বিষয়টি উপজেলার মৎস্য আড়ৎ সমূহে এবং হাট বাজার গুলোতে বহুল প্রচার নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>সভায় উপস্থিত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া জানান উপজেলা প্রাণি সম্পদ বিভাগের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলতি শীত মৌসুমে গবাদি প্রাণির শীতকালিন রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>চলমান প্রনোদনা কর্মসূচির ধারাবাহিকতায় হাইব্রীড ধান ও উফশী ধানের প্রণোদনা পাওয়া গেছে। হাইব্রীড প্রণোদনার ক্ষেত্রে প্রতিজন কৃষক ২কেজি বীজ সহায়তা ও উফশী প্রণোদনার ক্ষেত্রে প্রতিজন কৃষক ৫কেজি বীজ, ১০কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার পাবেন। এছাড়া রবি মৌসুমে সরিষার আবাদ এর লক্ষ্যমাত্রা ১৯০৮০ হেক্টর নির্ধারন করা হয়েছে এবং অদ্যাবধি ১৮৭৬০ হেক্টর অর্জন সম্পন্ন হয়েছে। | বোরো ধান আবাদ এলাকার ভিত্তিতে হাইব্রীড ৭৫০০ জন ও উফশী ৩০০০ জনের প্রনোদনা ইউনিয়ন ওয়ারী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিভাজন করা হয়েছে। নীতিমালা অনুসরণপূর্বক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সরিষা আবাদের পাশাপাশি মধু চাষ সম্প্রসারণ বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>২০২২ সালের মাধ্যমিক স্তরের বই বিতরণ কার্যক্রমের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ের বই উল্লাপাড়া মার্চেন্টস পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়ে এবং মাদ্রাসা পর্যায়ের বই উল্লাপাড়া কামিল মাদ্রাসা হতে বিতরন করা হবে। এসএসসি পরীক্ষা ২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আগামি ০২-১২-২০২১ হতে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে। ২০২২ সালের ষষ্ঠ শ্রেণির ছাত্র-ছাত্রীদের লটারীর মাধ্যমে ভর্তি করা হবে। ছাত্রীদের ফলিক এসিড সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। | করোনা প্রতিরোধে শিক্ষকমন্ডলী ও শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>করোনা পরিস্থিতির কারনে এ বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা,২০২১ অনুষ্ঠিত হবে না। স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান তাদের প্রতিষ্ঠানের প্রথম হতে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়ন করে পরবর্তী শ্রেণিতে উন্নীতকরণের কার্যক্রম গ্রহণ করবেন। | শিক্ষার্থীদের শ্রেণি মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষকদের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>সমবায় সমিতির সদস্যদের আর্থ সামাজিক উন্নয়নকল্পে ভ্রাম্যমান প্রশিক্ষণ জোরদার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>২। ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দকৃত অডিট সম্পাদন নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিকল্প ট্রেডে প্রশিক্ষণ বাড়াতে হবে। ম্যানুয়াল অনুসরণ পূর্বক নিরীক্ষা কার্যক্রম শতভাগ নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>উপজেলা বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলমান শীতকালে অতিথি পাখিসহ বিভিন্ন বন্যপ্রাণি শিকার করার প্রবণতা লক্ষ করা যাচ্ছে। বন্যপ্রাণি শিকার না করার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক সভায় পূর্বের অনুমোদিত ০৫ টি গাছ দ্রুত কর্তণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ উপজেলা পরিষদের আরও ১৫-২০ টি ঝুকিপূর্ণ ইউকালেপটাস গাছ দ্রুত কর্তণের প্রয়োজনীয় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |

০৮/০১-২৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>অক্টোবর, ২০২১ মাসে মোট ঋণ বিতরণ ১৫.৭০ লক্ষ টাকা এবং আদায় ২৭.০৯ লক্ষ টাকা। চলতি মাসে মেয়াদোত্তীর্ণ হতে ১১০০০/- টাকা আদায় করা হয়েছে এবং মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে জোর চেষ্টা চালানো হচ্ছে। এছাড়া অক্টোবর, ২০২১ মাসে পিআরডিপি ৩ এর আওতায় ০৩ টি স্কীম বাস্তবায়ন করা হয়েছে। অপ্রধান শষ্য উৎপাদন প্রকল্পের আওতায় ৪২ জন সদস্যের মাঝে পেয়াজ, রসুন ও সরিষার বীজ বিতরণ করা হয়েছে। | মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২০ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি ঃ**<br><br>তিনি বলেন তার ইউনিয়নে টি আর, কাবিখা, এডিপি ও কর্মসৃজন কর্মসূচির কাজ বন্ধ আছে। দ্রুত তালিকা অনুযায়ী কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | অনতিবিলম্বে টি আর, কাবিখা, এডিপি ও কর্মসৃজন কর্মসূচির কাজ শুরু করতে হবে | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি ঃ**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন, ২০২১ এর কারনে সাময়িক বন্ধ ছিল। পুনরায় উন্নয়নমূলক কাজ শুরু করা হবে। নতুন মেয়াদে নির্বাচিত হয়ে ইউনিয়নবাসীর সার্বিক উন্নয়ন কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। | | |
| ২২ | **চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া**<br><br>ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন, ২০২১ এ পুনরায় তিনি নির্বাচিত হওয়ায় ঐক্যবদ্ধভাবে স্বচ্ছতার সাথে মানুষের কল্যাণে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। | | |
| ২৩ | **চেয়ারম্যান, বড়হর ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের বড়হর থেকে তেতুলিয়া ও বড়হর হতে অলিপুর রাস্তায় গাছ কর্তণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে পুনরায় অনুরোধ জানান। | বড়হর ইউনিয়নের বড়হর থেকে তেতুলিয়া ও বড়হর হতে অলিপুর রাস্তায় গাছ কর্তণের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৪ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br><br>তিনি বলেন উল্লাপাড়া উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম তরান্বিত করতে অবকাঠামোগত উন্নয়ন কাজের নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে।<br>উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের দাপ্তরিক কাজের সার্বিক চিত্র সম্বলিত সারসংক্ষেপ উপজেলা পরিষদে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হয়।<br><br>উপজেলা পরিষদের অভ্যন্তরে গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন ও অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশল দপ্তরের একজন উপ সহকারী প্রকৌশলীকে নিযুক্ত করার জন্য উপজেলা প্রকৌশলীকে পুনরায় অনুরোধ জানানো হয়। | দাপ্তরিক কাজের সার্বিক চিত্র সম্বলিত সারসংক্ষেপ উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>উপজেলা পরিষদের অভ্যন্তরে গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন ও অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশল দপ্তরের একজন উপ সহকারী প্রকৌশলীকে নিযুক্ত করতে হবে | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৫ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>তিনি স্থায়ী কমিটির সভায় ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। সেই সাথে উন্নয়নমূলক কাজের বিষয়ে | স্থায়ী কমিটির সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। বিভাগীয় তথ্য প্রদানের মাধ্যমে | বিভাগীয় কর্মকর্তা (সকল) ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | মতামতসহ প্রস্তাব উপস্থাপনের জন্যও ইউপি চেয়ারম্যান ও জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।<br><br>ঔষধি জাতীয় গাছ বিতরণ ও রোপনের উপর বেশি জোড় দেওয়ার জন্য উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br><br>আসন্ন শীত মৌসুমে গবাদি প্রাণির অনেক রোগ বালাই দেখা দিতে পারে । গবাদি প্রাণির শীতকালিন রোগ বালাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | স্থায়ী কমিটির সভা কার্যকর করতে হবে।<br><br>ঔষধি জাতীয় গাছ বিতরণ ও রোপনের উপর বেশি জোড়ারোপ করতে হবে।<br><br>শীত মৌসুমে গবাদি প্রাণির রোগ-বালাই প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া<br>উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৬ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>তিনি বলেন উপজেলার কয়ড়া, চড়ুইমুড়ী ও মনোহরা গ্রামে জলাবদ্ধতার কারনে কৃষি জমি অনাবাদি অবস্থায় রয়েছে। দ্রুত জলাবদ্ধতা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া কে পুনরায় অনুরোধ জানান।<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে নিয়মিত উপজেলা মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য দপ্তরের গুরুত্বপূর্ণ জাতীয় কর্মসূচির বিষয়ে উপজেলা পরিষদকে অবহিত করার বিধান থাকলেও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া উপজেলা পরিষদকে অবহিত না করেই সে কাজগুলো সম্পন্ন করেন বিষয়টি অনাকাংখিত। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার এহেন কাজের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান। | কৃষি জমিতে জলাবদ্ধতা নিরসনে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>স্বাস্থ্য বিভাগের গুরুত্বপূর্ণ জাতীয় কর্মসূচির বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদকে অবহিত না করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রশাসন, উল্লাপাড়া |
| ২৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>তিনি বলেন উল্লাপাড়া উপজেলার সার্বিক উন্নয়ন কাজ তরান্বিত করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উন্নয়ন কার্যক্রম নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>কৃষকরা তাদের জমিতে সবজি উৎপাদনের জন্য যে কীটনাশক ব্যবহার করছে তা মানবদেহের জন্য ক্ষতিকর কিনা তা নিরীক্ষান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। করোনা প্রতিরোধে জনসচেতনতা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সবজি উৎপাদনের জন্য যে কীটনাশক ব্যবহার করছে তা মানবদেহের জন্য ক্ষতিকর কিনা তা নিরীক্ষান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর ঃ ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২১-১২১৭

তারিখ ঃ ৩০-১১-২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৮। উপজেলা ------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। চেয়ারম্যান, ---------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
১০। অফিস কপি।

30/11/2021

(দেওয়ান মওদুদ আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CamScanner